এনএমএসএস ইন্টারন্যাশনাল এর নিবন্ধন সনদ বাতিল আদেশের বিরুদ্ধে আপীল আদেশনামা

আপীল নং-০০৪৩/২০২৫ তারিখঃ ২২/০৯/২০২৫

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
০৩/১২/২০২৫	এনএমএসএস ইন্টান্যাশনাল, স্বত্বাধিকারী: আলহাজ্ব মোঃ মুজিবুর রহমান আখন্দ, ঠিকানা: ৪০/১/এ, ভিআইপি রোড, লিভিং ডি নুরজাহান ট্রেড সেন্টার (৯ম তলা), ফ্ল্যাট নং-এ/৯, বি-৯, সি-৯, ডি-৯, নয়াপল্টন, ঢাকা এর অনুকূলে ০১.০১.২০২৩ হতে ৩১.১২.২০২৫ তারিখ মেয়াদে নিবন্ধন সনদ নং-০০০৩৯৫৭ ইস্যু করা হয়। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় কর্তৃক ১১ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে গঠিত এয়ার টিকিটের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির সাথে জড়িতদের চিহ্নিতকরণ এবং তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের নিমিত আন্তঃমন্ত্রণালয় কমিটি সেপ্টেম্বর ২০২৪ হতে ফেব্রুয়ারি ২০০২৫ পর্যন্ত ০৬ মাসের মধ্যে এয়ার টিকিটের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির সাথে জড়িত ট্রাভেল এজেন্সিকে চিহ্নিত ও পর্যালোচনা করে ২৫ মার্চ ২০২৫ তারিখে প্রতিবেদন দাখিল করে। উক্ত প্রতিবেদনে সুনির্দিষ্টভাবে উদঘাটিত হয় যে, অধিক চাহিদাসম্পন্ন রুটসমূহের টিকেট 'advance payment' প্রদানপূর্বক গ্রুপ বুকিংয়ের নামে অনির্দিষ্টকালের জন্য ব্লক করে রাখা এবং হোয়াটসঅ্যাপ গ্রুপে বিজ্ঞাপন দিয়ে নিজেরা অথবা সাব-এজেন্টের মাধ্যমে উচ্চমূল্যে বিক্রি করার ক্ষেত্রে এয়ারলাইন্স ও GSA এর সিন্ডিকেটের সাথে উক্ত ট্রাভেল এজেন্সির জড়িত থাকার প্রমাণ প্রতিষ্ঠিত হয়েছে। এছাড়া উক্ত ট্রাভেল এজেন্সি বর্ণিত সময়ে বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি করে টিকিটের দাম অস্বাভাবিকভাবে বৃদ্ধি করে অতিরিক্ত মুনাফা অর্জনের উদ্দেশ্যে মজুতদারি, কালোবাজারি ও প্রতারণামূলক কার্যক্রমে সম্পৃক্ত হয়েছে মর্মে প্রমাণ পাওয়া যায়। এ প্রেক্ষিতে বর্ণিত এজেন্সিকে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের গত ২৬ আগস্ট ২০২৫ তারিখের ৩০.০০.০০০০.০২৫.১৮.০৩৫.২৪.৬১৬ নং পত্রে আইন ও বিধিমালা লঙ্ঘনের দায়ে শুনানিতে লিখিত জবাবসহ উপস্থিত হতে বলা হয় কিন্তু তিনি শুনানিতে উপস্থিত হননি বা তার ক্ষমতাপ্রাপ্ত কোনো প্রতিনিধি চাহিত কাগজপত্রাদিসহ শুনানিতে অংশগ্রহণ করেননি যা নিবন্ধন কর্তৃপক্ষের আইনানুগ নির্দেশনার প্রতি অবজ্ঞা ও অবহেলার শামিল এবং একইসাথে বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এর বিধি ১০ এর সুস্পষ্ট লঙ্ঘন। পরবর্তীতে উক্ত এজেন্সিকে ২৭ আগস্ট ২০১৫ তারিখের ৩০.০০.০০০০.০২৫.১৮.০৩৫.২৪.৬২৯ নং পত্রের মাধ্যমে পুনরায় আত্মপক্ষ সমর্থনের জন্য চাহিত তথ্যসহ চুড়ান্ত শুনানির সুযোগ প্রদান করা হয়। শুনানিতে উপস্থিত হয়ে তিনি বলেন যে ভিসা প্রসেসিংসহ তিনি প্যাকেজের মাধ্যমে এয়ার টিকিট বিক্রয় করেন। এক্ষেত্রে বর্ণিত এজেন্সি থেকে ইস্যুকৃত টিকিটের মূল্য কত তা গ্রাহক জানতে পারে না। উক্ত এজেন্সি কর্তৃক বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৯(১) (খ) (গ) এর বিধান এবং বাংলাদেশ ট্রাভেল এজেন্সি নিবন্ধন ও নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এ বর্ণিত বিধি ১০ ও ১৫ লঙ্ঘন এবং নিবন্ধনের গুরুত্বপূর্ণ শর্তাবলি লঙ্ঘন করায় জনস্বার্থে ভোক্তা সুরক্ষা ও আকাশ পরিবহন খাতে সুশাসন নিশ্চিত করার জন্য এন এম এস এস ইন্টারন্যাশনাল এর ০০০৩৯৫৭ নং নিবন্ধন সনদ গত ০৮.০৯.২০২৫ তারিখে বাতিল করা হয়। উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে এনএমএসএস ইন্টান্যাশনাল এর স্বত্বাধিকারী আলহাজ্ব মোঃ মুজিবুর রহমান আখন্দ আপীল দায়ের করেন। এ প্রেক্ষিতে এনএমএসএস ইন্টান্যাশনাল এর আপীল আবেদনের বিষয়ে ২২.১০.২০১৫ তারিখ শুনানি গ্রহণ করা হয়। শুনানিঅন্তে বর্ণিত এজেন্সির বক্তব্য পর্যালোচনান্তে নিম্নোক্ত আদেশ প্রদান করা হলো: আদেশ অধিক চাহিদাসম্পন্ন রুটসমূহের টিকেট 'advance payment' প্রদানপূর্বক গ্রুপ বুকিংয়ের নামে অনির্দিষ্টকালের জন্য ব্লক করে রাখা এবং হোয়াটসঅ্যাপ গ্রুপে বিজ্ঞাপন দিয়ে নিজেরা অথবা সাব-এজেন্টের মাধ্যমে উচ্চমূল্যে বিক্রি করার ক্ষেত্রে এয়ারলাইন্স ও GSA এর সিন্ডিকেটের সাথে উক্ত ট্রাভেল এজেন্সির জড়িত থাকার প্রমাণ প্রতিষ্ঠিত হওয়ায় এবং টিকিটের গায়ে মূল্য লিখা না থাকায় আপীল আবেদনটি নামঞ্জুরপূর্বক নিবন্ধন কর্তৃপক্ষের বাতিল আদেশ বহাল রাখা হলো। সকলকে অবহিত করা হোক। **স্বাক্ষরিত/-** **০৩.১২.২০২৫** ফাতেমা রহিম ভীনা অতিরিক্ত সচিব (পর্যটন) ও আপীল কর্তৃপক্ষ	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়
পর্যটন-৩ শাখা
www.mocat.gov.bd

নম্বর-৩০.০০.০০০০.০০০.০২৫.২৭.০০৪৩.২৫- ৮৭৩ তারিখ: ০৩/১২/২০২৫ খ্রি.

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১) সিনিয়র সচিব/ সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা;
৩) অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক (বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা;
৪) যুগ্মসচিব (পর্যটন-২) ও নিবন্ধন কর্তৃপক্ষ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা;
৫) জেলা প্রশাসক, ঢাকা;
৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়;
৭) প্রোগ্রামার, এ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮) অতিরিক্ত সচিব (পর্যটন) এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়;
৯) প্রশাসক, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ (আটাব), সাত্তারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, (১৬ তলা,) ঢাকা-১০০০;
১০) ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ বাংলাদেশ, হোসনা সেন্টার, (৩য় তলা), স্যুট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই (সি), গুলশান, ঢাকা;
১১) বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সসমূহ----------
১২) আলহাজ্ব মোঃ মুজিবুর রহমান আখন্দ, স্বত্বাধিকারী: এনএমএসএস ইন্টারন্যাশনাল, ৪০/১/এ, ভিআইপি রোড, লিভিং ডি নুরজাহান ট্রেড সেন্টার (৯ম তলা), ফ্ল্যাট নং-এ/৯, বি/৯, ডি/৯, নয়াপল্টন, ঢাকা-১০০০; এবং
১৩) অফিস কপি।

(মির্জা মুরাদ হাসান বেগ)
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৮৩৯
ই-মেইল: dstourism3@mocat.gov.bd